দৈনিক সংবাদ

তারিখ ... AUG. 01 1999 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

75

## পরীক্ষার্থী ৭ জন পাস করেছে ৫৪ জন!

বরগুনা থেকে চিত্তরঞ্জন শীল ঃ জাতীয় বিশ্ববিদ্যালয় ঘোষিত স্নাতক পরীক্ষার আশ্চর্যজনক ফলাফলে বরগুনার একটি কলেজে পরীক্ষায় ৭ জন অংশ নিয়ে উত্তীর্ণ হয়েছে ৫৪ জন। শনিবার জেলা প্রশাসক কার্যালয়ে স্নাতক পরীক্ষার ফলাফল ঘোষণার সময় এ ঘটনা ধরা পড়ে।

জেলা প্রশাসক কার্যালয়ে পাঠানো জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফলাফল তালিকায় দেখা যায়, সেন্টার কোড-১১২, বরগুনা-১, কলেজ কোড- ১৬০২ নাম সৈয়দ ফজলুল হক ডিগ্রি কলেজে মোট ৫৪ জন উত্তীর্ণ হয়েছে। এর মধ্যে ২য় বিভাগ ৪১, ৩য় বিভাগ ১৩। ১ম বিভাগ নেই। তবে সৈয়দ ফজলুল হক কলেজ কর্তৃপক্ষ জানান, গত পরীক্ষায় তাদের কলেজ থেকে মাত্র ৭ জন অংশ নিয়েছিল।